# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 05 July, 2025

টেস্ট সিরিজে হারের পর ওয়ানডেতেও ছন্দে ফিরতে পারেনি বাংলাদেশ।তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচেই বাজেভাবে হারতে হয়েছে সফরকারীদের।শ্রীলঙ্কাকে ২৪৪ রানে অলআউট করেও ৭৭ রানে হেরেছে টাইগাররা, যেখানে ব্যাটিং বিপর্যয়ের মাঝে তানজিদ হাসান তামিম ও জাকের আলী অনিক ছাড়া কেউ লড়াই করতে পারেননি।

প্রথম ম্যাচে ৬২ রান করা তানজিদ তামিম মনে করছেন, দলকে জেতাতে না পারায় নিজের ইনিংসেও সন্তুষ্ট নন তিনি।

শুক্রবার (৪ জুলাই) সংবাদ সম্মেলনে এসে তানজিদ বলেন: "আমার কাছে মনে হয় না আমি ভালো খেলেছি।কারণ দলের যখন যেটা দরকার ছিল আমি সেটা পূরণ করতে পারিনি।যদি সেটা করতে পারতাম, তাহলে বলতে পারতাম ভালো খেলেছি।"

তানজিদ ও নাজমুল হোসেন শান্ত মিলে গড়েছিলেন প্রতিশ্রুতিশীল জুটি, কিন্তু দুর্ভাগ্যজনক এক রানআউটে ভাঙে সেই জুটি।

"আমি আর শান্ত ভাই অনেক ভালো একটা জুটি গড়েছিলাম।রানআউটটা অনেক বড় টার্নিং পয়েন্ট ছিল।যদি সেখানে আরও ৩০-৪০ রানের জুটি গড়তে পারতাম, তাহলে ম্যাচটা সহজ হয়ে যেত।"

কলম্বোর প্রেমাদাসা স্টেডিয়ামের উইকেট প্রসঙ্গে তানজিদ বলেন: "এই উইকেটে যারা সেট হবে, তাদের লম্বা ইনিংস খেলতে হবে।আমি আর শান্ত ভাই যেভাবে সেট হয়েছিলাম, আরেকটু থাকতে পারলে ম্যাচটা অন্যরকম হতে পারতো।কারণ নতুন ব্যাটসম্যানদের জন্য এই উইকেটে ব্যাটিং করা কঠিন।"

তানজিদ মনে করেন, সিরিজে এখনও ঘুরে দাঁড়ানোর সুযোগ আছে বাংলাদেশের সামনে।

"তিন ম্যাচের সিরিজে একটিতে হেরেছি, কিন্তু সামনে আরও দুটি আছে।আমরা যদি পরের ম্যাচে ভালো করতে পারি, তাহলে সিরিজের লড়াইয়ে থাকতে পারবো।"

নিজের পারফরম্যান্স নিয়ে তানজিদ বলেন: "ব্যক্তিগত লক্ষ্য হলো ম্যাচ বাই ম্যাচ খেলা এবং দলের জন্য অবদান রাখা।আগের ম্যাচে যেটা করতে পারিনি, চেষ্টা থাকবে পরের ম্যাচে সেটা পূরণ করতে।"

পরবর্তী ম্যাচ: ২য় ওয়ানডে

প্রেমাদাসা স্টেডিয়াম, কলম্বো

বাংলাদেশ সময় বিকাল ৩টা

শনিবার, ৫ জুলাই ২০২৫

টেস্ট সিরিজ তানজিদ হাসান তামিম জাকের আলী অনিক শ্রীলঙ্কা বাংলাদেশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 21:43

URL: https://timestodaybd.com/public/sports/7758074226